



BANGLADESH TEXTILE MILLS ASSOCIATION

বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন

Reg. Office: Unique Trade Centre (Level 8), 8, Panthapath, Karwan Bazar, Dhaka-1215, Bangladesh
Corporate Office : Green Meher Tower, House # -12/A, (Level-4), Gulshan North Avenue
Gulshan-2, Dhaka-1212, Phone : 48116358, 222248778, 58156619 E-mail : btmasg@gmail.com,
info@btmadhaka.com, btma2@yahoo.com, Web: www.btmadhaka.com

বিটিএমএ.বি.এস.১৬৭.৯৪৪

অক্টোবর ২৮, ২০২৬

বরাবর

ব্যবস্থাপনা পরিচালক

সকল বাণিজ্যিক ব্যাংক

বাংলাদেশ।

বিষয়: বস্ত্রখাতে জিএসপি সুবিধা গ্রহণের জন্য বিটিএমএ কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্রে স্বাক্ষরকারী কর্মকর্তার পদবি পরিবর্তন প্রসঙ্গে।

সূত্র: বিটিএমএ.বিএস.১৬৭.৭০৯; তারিখ: সেপ্টেম্বর ২৭, ২০২৩

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন (বিটিএমএ) কর্তৃক বস্ত্রখাতে জিএসপি সুবিধা গ্রহণের লক্ষ্যে ইস্যুকৃত Certificate of Production এবং Certificate of Processing-এ সমিতির সেক্রেটারী জেনারেল ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জাকির হোসেন, এনডিসি, পিএসসি (অব.), ডেপুটি সেক্রেটারী জেনারেল জনাব মহিউদ্দিন আহমেদ এবং জয়েন্ট সেক্রেটারী জেনারেল জনাব মুহাম্মদ জিয়াউর রহমান স্বাক্ষর প্রদান করে আসছেন।

উল্লেখ্য যে, বিটিএমএ-এর পরিচালনা পর্ষদের অক্টোবর ২০২৬ মাসে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে জনাব মুহাম্মদ জিয়াউর রহমান পদোন্নতিপ্রাপ্ত হয়ে অ্যাডিশনাল সেক্রেটারী জেনারেল হিসেবে দায়িত্বপ্রাপ্ত হয়েছেন। ফলে, তিনি এখন থেকে তাঁর নতুন পদবি-সংবলিত সীল ব্যবহার করে সমিতি কর্তৃক ইস্যুকৃত Certificate of Production এবং Certificate of Processing-এ স্বাক্ষর প্রদান করবেন। অপরদিকে, পূর্বের ন্যায় সেক্রেটারী জেনারেল ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জাকির হোসেন, এনডিসি, পিএসসি (অব.) এবং ডেপুটি সেক্রেটারী জেনারেল জনাব মহিউদ্দিন আহমেদ উক্ত প্রত্যয়নপত্রসমূহে স্বাক্ষর প্রদান অব্যাহত রাখবেন।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট ব্যাংকসমূহের রেকর্ড হালনাগাদ, স্বাক্ষর যাচাই এবং প্রত্যয়নপত্র-সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সুবিধার্থে বিটিএমএ-এর অ্যাডিশনাল সেক্রেটারী জেনারেল জনাব মুহাম্মদ জিয়াউর রহমানের সত্যায়িত স্বাক্ষরের নমুনা নিয়ে প্রদান করা হলো:

১।
[Signature]

২।
[Signature]

অতএব, উপর্যুক্ত বিষয়টি সদয় অবগতির জন্য গ্রহণ এবং সংশ্লিষ্ট ব্যাংকের রেকর্ড হালনাগাদসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

[Signature]
26/10/2026

ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জাকির হোসেন, এনডিসি, পিএসসি (অব.)
সেক্রেটারী জেনারেল, বিটিএমএ

অনুলিপিঃ

১। প্রেসিডেন্ট (ইন-চার্জ), বিটিএমএ।

২। পরিচালক (বস্ত্র সেল), রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন, কাওরান বাজার, ঢাকা।